

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



...

| | |
|------------|-------------------------------|
| সভাপতি | ফরিদা পারভীন অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৭.১২.২০২০ খ্রীঃ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিবকে আলোচ্য বিষয় অনুযায়ী উপস্থাপনা শুরু করার জন্য অনুরোধ জানান। আলোচনা অনুযায়ী সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|------|---|--|---|
| ০১। | <p>মন্ত্রণালয়ের সেবা সহজীকরণ কার্যক্রমের অগ্রগতিঃ</p> <p>২০২০-২০২১ অর্থবছরে সেবা সহজীকরণ হিসেবে মন্ত্রণালয় থেকে 'সেলাই মেশিন বরাদ্দকরণ কার্যক্রম' টি নির্বাচন করা হয়েছে বলে প্রোগ্রামার সভাকে অবহিত করেন। তিনি এ পর্যায়ে সেবাটির সাথে সংশ্লিষ্ট এবং সহজীকরণ কার্যক্রমটি প্রণয়নকারী কর্মকর্তা উপসচিব (মবিঅ-২ অধিশাখা) মোহাম্মদ মাহমুদুল কবীরকে সহজীকরণ প্রক্রিয়াটি উপস্থাপনা করার জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে মোহাম্মদ মাহমুদুল কবীর সভাকে বিদ্যমান প্রক্রিয়াটি এবং সহজীকৃত প্রসেস ম্যাপটি বিস্তারিত উপস্থাপনা করেন। তিনি জানান, এ সেবাটি সহজীকরণের মাধ্যমে সেলাই মেশিন যাদের দেয়া হচ্ছে তাদের একটি ডাটাবেজ প্রণয়ন করা হবে যার ফলে খুব সহজেই রেকর্ড খুঁজে পাওয়া যাবে এবং ডুপ্লিকেশন এড়ানো সহজ হবে। তিনি আরো জানান, এ প্রক্রিয়ায় যাদের সেলাই মেশিন দেয়া হবে তাঁরা অনলাইন থেকে জানতে পারবেন তার নামে বরাদ্দ দেয়া হয়েছে কিনা। এ ছাড়াও এস এম এস এর মাধ্যমে নোটিফিকেশন যাবে। এর ফলে উপকারভোগী খুব সহজেই বরাদ্দ পেলে জেনে যাবেন। এ ছাড়াও তিনি সভাকে অবহিত করেন যে, এটুআই এর একসেবা প্ল্যাটফর্ম এর মাধ্যমে অনলাইনে সেলাই মেশিনের জন্য আবেদন আনার বিষয়টি আলোচনাধীন আছে। এটি বাস্তবায়ন করা গেলে প্রক্রিয়াটি আরো সহজ হবে।</p> | <p>উপসচিব (মবিঅ-২ অধিশাখা) মোহাম্মদ মাহমুদুল কবীর ও প্রোগ্রামার মোঃ ইনামুল হক সেবাটি সহজীকরণের নিমিত্তে যথাযথ ক্রয় প্রক্রিয়ায় সফটওয়্যারটি দ্রুত প্রস্তুত করার জন্য উদ্যোগ গ্রহণ করবেন।</p> | <p>মোহাম্মদ মাহমুদুল কবীর, উপসচিব (মবিঅ-২ অধিশাখা) এবং মোঃ ইনামুল হক, প্রোগ্রামার (আইসিটি শাখা)</p> |

| | | | |
|-----|---|---|----------------------------------|
| ০২। | <p>মন্ত্রণালয়ের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতিঃ প্রোগ্রামার মোঃ ইনামুল হক জানান, মন্ত্রণালয় হতে এ মন্ত্রণালয়ের আওতায় প্রতিষ্ঠান এর যোগাযোগের তথ্য ও মাঠ পর্যায়ে কে কোথায় পদায়নকৃত আছে তার তথ্য জানার জন্য একটি সফটওয়্যার প্রস্তুতের জন্য ইনোভেশন আইডিয়া নেয়া হয়েছে যা ইতিমধ্যে বাস্তবায়নাধীন। সফটওয়্যারটি প্রস্তুত করতে ইতিমধ্যে ইনোভেশন ফান্ড থেকে ব্যয় বরাদ্দের জন্য নথি ইতিমধ্যে অনুমোদন হয়েছে।</p> <p>সভাপতি এ পর্যায়ে দ্রুত আইডিয়াটি বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।</p> | <p>প্রোগ্রামার মোঃ ইনামুল হক যথাযথ ক্রয় প্রক্রিয়ায় সফটওয়্যারটি দ্রুত প্রস্তুত করার জন্য উদ্যোগ গ্রহণ করবেন।</p> | <p>প্রোগ্রামার মোঃ ইনামুল হক</p> |
| ০৩। | <p>বিবিধঃ প্রোগ্রামার মোঃ ইনামুল হক এ পর্যায়ে জানান, ইনোভেশন কর্মপরিকল্পনায় ‘উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ’ এর উল্লেখ আছে। এ ব্যাপারে কার্যক্রম দ্রুত গ্রহণ করা প্রয়োজন।</p> <p>সভাপতি এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়ের গৃহীত ও পরিকল্পনাকৃত কার্যক্রমের অবস্থা জানার জন্য প্রোগ্রামার মোঃ ইনামুল হক কে অনুরোধ জানান।</p> | <p>প্রোগ্রামার মোঃ ইনামুল হক এ বিষয়ে চীফ ইনোভেশন অফিসারকে অবহিত করবেন।</p> | <p>প্রোগ্রামার মোঃ ইনামুল হক</p> |

০২। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করে।



ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৯২

তারিখ: ৬ পৌষ ১৪২৭

২১ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপ-সচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) উপসচিব, মবিঅ-২ অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ ইনামুল হক
প্রোগ্রামার